পদক্ষেপ
মানবিক উন্নয়ন কেন্দ্র
Since-1986
বাড়ী নং- ৫৪৮, রোড নং- ১০, বায়তুল আমান হাউজিং সোসাইটি, আদাবর, মোহাম্মদপুর, ঢাকা- ১২০৭।
ফোনঃ ৫৮১৫১১২৬, ৯১২৮৮২৪, ০১৭৭৭৭৯১১২২, E-mail: pmuk@padakhep.org, info@padakhep.org, web: www.padakhep.org

স্মারক নং ঃ পদ/পক/এইচ. আর এন্ড এডমিন/২০১৯/৩৬৬১ তারিখ ঃ ০২/১০/২০১৯ খ্রিস্টাব্দ

অফিস সার্কুলার

চলতি ২০১৯-২০ অর্থবছরে সংস্থার ক্ষুদ্রঅর্থায়ন কর্মসূচীর আওতায় কর্মরত কর্মীদের ১০% বার্ষিক ইনক্রিমেন্ট অনুমোদন প্রসঙ্গে

ক. গত ১৭/০৯/২০১৯ খ্রিস্টাব্দ তারিখে অনুষ্ঠিত সংস্থার নির্বাহী পরিষদের ২৪৮তম সভায় চলতি ২০১৯-২০ অর্থবছরে ক্ষুদ্রঅর্থায়ন কর্মসূচীর মাঠ পর্যায় ও প্রধান কার্যালয়ের বিভিন্ন বিভাগ / ব্যবস্থাপনা ইউনিট সমূহের আওতায় বর্তমানে কর্মরত কর্মীদের বেতন বৃদ্ধি কার্যকর করার ক্ষেত্রে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

(i) নিয়মিত পদের বিপরীতে নিয়মিত কর্মী হিসেবে কর্মরত প্রত্যেক কর্মীর বর্তমান অর্থাৎ জুন, ২০১৯ মাস শেষে প্রাপ্ত মাসিক মোট বেতনের (Monthly Gross Salary'র) উপর ১০% হারে বার্ষিক ইনক্রিমেন্ট প্রদান করা।

(ii) এক্ষেত্রে গত অর্থবছরের বার্ষিক ইনক্রিমেন্ট কার্যকর হবার তারিখ থেকে / চাকুরি নিয়মিত হবার তারিখ থেকে চলতি ২০১৯-২০ অর্থবছরে যার যখন ১ (এক) বছর পূর্ণ হবে সে তখন এ নির্ধারিত ১০% হারে বার্ষিক ইনক্রিমেন্ট প্রাপ্য হবে।

খ. নির্বাহী পরিষদ সভার উপরোক্ত সিদ্ধান্ত ও এতদ্‌ সংক্রান্ত চূড়ান্ত প্রস্তাবনা অনুমোদন অনুসারে সংস্থার ক্ষুদ্রঅর্থায়ন কর্মসূচীর আওতায় বর্তমানে কর্মরত কর্মীদের ১০% বার্ষিক ইনক্রিমেন্ট কার্যকর করার ক্ষেত্রে নিম্নে উল্লেখিত পদ্ধতি / বিষয় অনুসরণ করতে হবে ঃ-

খ.১ সংস্থার ক্ষুদ্রঅর্থায়ন কর্মসূচীর মাঠ পর্যায় ও প্রধান কার্যালয়ের বিভিন্ন বিভাগ / ব্যবস্থাপনা ইউনিট সমূহের আওতায় বর্তমানে কর্মরত প্রত্যেক নিয়মিত কর্মকর্তা / কর্মীর বর্তমান অর্থাৎ জুন, ২০১৯ মাস শেষে প্রাপ্ত মাসিক মোট বেতনের (Monthly Gross Salary'র) উপর স্ব স্ব কর্মীর ইনক্রিমেন্ট প্রযোজ্য তারিখ থেকে ১০% হারে বার্ষিক ইনক্রিমেন্ট প্রদান করা হবে। অর্থাৎ মাসিক বেতনের বাহিরে প্রদত্ত অন্যান্য সকল প্রকার ভাতা ব্যতীত একজন কর্মীর শুধুমাত্র মাসিক মোট বেতনের (Monthly Gross Salary'র) উপর ১০% হারে বার্ষিক ইনক্রিমেন্ট প্রদান করা হবে।

খ.২ গত অর্থবছরের বার্ষিক ইনক্রিমেন্ট কার্যকর হবার তারিখ থেকে / চাকুরি নিয়মিত হবার তারিখ থেকে চলতি ২০১৯-২০ অর্থবছরে যার যখন ১ (এক) বছর পূর্ণ হবে সে তখন এ নির্ধারিত ১০% হারে বার্ষিক ইনক্রিমেন্ট প্রাপ্য হবে।

খ.৩ বর্তমানে যাদের শিক্ষানবিশকাল চলমান আছে তাদের বেলায় এ বার্ষিক ইনক্রিমেন্ট সুবিধা প্রযোজ্য হবে না। তাদের শিক্ষানবিশকাল সমাপ্তি শেষে সংশ্লিষ্ট গ্রেড/পদের চাকুরি নিয়মিত সময়কার নির্ধারিত বর্ধিত বেতনে চাকুরি নিয়মিত করা হবে।

খ.৪ ০১ জুলাই, ২০১৯ খ্রিস্টাব্দ তারিখ থেকে পদোন্নতি / পদায়ন / পদাবনতি প্রাপ্ত কর্মীদের বেলায় পদোন্নতি / পদায়ন / পদাবনতি পরবর্তী পদ ও বেতনের উপর স্ব স্ব কর্মীর ইনক্রিমেন্ট প্রযোজ্য তারিখ থেকে ১০% হারে বার্ষিক ইনক্রিমেন্ট প্রদান করা হবে।

খ.৫ বিগত বা চলতি অর্থবছরের মধ্যবর্তী কোন সময়ে কোন কর্মীর পদোন্নতি / পদায়ন / পদাবনতি বা অন্য কোনভাবে মূল্যায়িত হয়ে থাকলেও যে তারিখে উক্ত কর্মী গত অর্থবছরের বার্ষিক ইনক্রিমেন্ট প্রাপ্ত হয়েছিলেন সে তারিখ থেকে চলতি অর্থবছরের যে তারিখে ১ (এক) বছর পূর্ণ হবে সে তারিখ থেকে নির্ধারিত ১০% হারে বার্ষিক ইনক্রিমেন্ট প্রদান করা হবে।

খ.৬ অফিস ও ছুটি ব্যবস্থাপনা সংক্রান্ত নির্দেশিকা-২০১৪ এর ৬.৬.৬ ধারা মোতাবেক বিনা বেতনে অসাধারণ ছুটি ভোগকারী কর্মীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্মী যতদিন বিনা বেতনে ছুটি ভোগ করেছেন বার্ষিক ইনক্রিমেন্ট প্রাপ্তির বর্তমান নির্ধারিত তারিখ থেকে ততদিন পিছিয়ে দিয়ে বার্ষিক ইনক্রিমেন্ট প্রাপ্তির পরিবর্তিত তারিখ নির্ধারণ পূর্বক এ বছরের বার্ষিক ইনক্রিমেন্ট সুবিধা কার্যকর করা হবে।

খ.৭ সংস্থার হাওড় (হিজল) কর্মসূচীর আওতায় কর্মরত কর্মীরা নিয়মিত কর্মী বিধায় তাদের বেতন বৃদ্ধি বর্ণিত নিয়মে কার্যকর করা হবে।

খ.৮ অত্র সার্কুলার জারী হবার পূর্বে যারা সংস্থার চাকুরি হতে পদত্যাগ করেছেন এবং পদত্যাগ কার্যকরের প্রস্তাবনা ইতোমধ্যে অনুমোদিত হয়েছে (পদত্যাগ কার্যকরের তারিখ যাহাই হোক না কেন) তাদেরকে চলতি অর্থবছরের এ বর্ধিত বেতন সুবিধা প্রদান প্রযোজ্য হবে না।

পদক্ষেপ
মানবিক উন্নয়ন কেন্দ্র

পদক্ষেপ মানবিক উন্নয়ন কেন্দ্র Since-1986

বাড়ী নং- ৫৪৮, রোড নং- ১০, বায়তুল আমান হাউজিং সোসাইটি, আদাবর, মোহাম্মদপুর, ঢাকা- ১২০৭।

ফোনঃ ৫৮১৫১১২৬, ৯১২৮৮২৪, ০১৭৭৭৭৯১১২২, E-mail: pmuk@padakhep.org, info@padakhep.org, web: www.padakhep.org

খ.৯ প্রধান কার্যালয় ও মাঠ পর্যায়ের বিভিন্ন ব্যবস্থাপনা ইউনিটের আওতায় বিভিন্ন পদে (ক্লিনার, গার্ড, অফিস সহকারী, এস্টেট অফিসার, লিগ্যাল অ্যাডভাইজার প্রভৃতি) নিয়োজিত চুক্তিভিত্তিক কর্মীদের বেতন বৃদ্ধির বিষয়টি সংশ্লিষ্ট কর্মীর আবেদন, ব্যবস্থাপনা ইউনিটের সুপারিশ, বাজেট বরাদ্দ ও অন্যান্য আনুষাঙ্গিক বিষয়াদি বিবেচনা পূর্বক ব্যবস্থাপনা কর্তৃপক্ষ কর্তৃক আলাদাভাবে নির্ধারন করা হয়ে থাকে বিবেচনায় তাদেরকে এই অফিস সার্কুলারের আলোকে কোন প্রকার বেতন বৃদ্ধি সুবিধা প্রদান প্রযোজ্য হবে না।

খ.১০ এছাড়া অফিস স্মারক নং-পদ/পক/এইচ.আর এন্ড এডমিন/২০১৭/১৯৪৫, তারিখ ঃ ১১/০৬/২০১৭ খ্রিস্টাব্দ অনুসারে মাঠ পর্যায়ের বিভিন্ন ব্যবস্থাপনা ইউনিটের আওতায় চুক্তিভিত্তিক / মাষ্টার রোলে নিয়োজিত আয়াদের বেতন বৃদ্ধির বিষয়টি সংশ্লিষ্ট আয়ার আবেদন, ব্যবস্থাপনা ইউনিটের সুপারিশ, বাজেট বরাদ্দ ও অন্যান্য আনুষাঙ্গিক বিষয়াদি বিবেচনা পূর্বক স্থানীয় ব্যবস্থাপনা কর্তৃপক্ষ কর্তৃক আলাদাভাবে নির্ধারন করা হয় বিবেচনায় তাদেরকে এই অফিস সার্কুলারের আলোকে কোন প্রকার বেতন বৃদ্ধি সুবিধা প্রদান প্রযোজ্য হবে না।

খ.১১ ক্ষুদ্রঅর্থায়ন কর্মসূচীর আওতায় বাস্তবায়িত **সমৃদ্ধি ও প্রবীণ কর্মসূচীতে** কর্মসূচী মেয়াদকালের জন্য নিয়োজিত কর্মীদের বেলায় এ বেতন বৃদ্ধি সুবিধা প্রযোজ্য হবে না। তাদের পদবী ও বেতন-ভাতা সংক্রান্ত বিষয় কর্মসূচীর নির্ধারিত বেতন কাঠামো দ্বারা পরিচালিত হয়ে থাকে।

খ.১২ কর্মকুশলতার (performance) সুনির্দিষ্ট নিম্নমান বিবেচনায় নির্দিষ্ট কোন চাকুরের বেলায় এ বর্ধিত বেতন সুবিধা প্রয়োজনে স্থগিত রাখার ক্ষমতা ব্যবস্থাপনা কর্তৃপক্ষের নিকট সংরক্ষিত থাকবে।

গ. মানব সম্পদ ও প্রশাসন বিভাগ থেকে কর্মী ভিত্তিক চিঠি ইস্যু সাপেক্ষে স্ব স্ব কর্মী ভিত্তিক উক্ত ১০% বার্ষিক ইনক্রিমেন্ট সংক্রান্ত আর্থিক সুবিধা প্রদান প্রযোজ্য হবে।

ঘ. এই অফিস সার্কুলারের বর্ণিত নির্দেশনা প্রতিপালনের সুবিধার্থে কোনরূপ ব্যাখ্যার প্রয়োজন হলে মানব সম্পদ ও প্রশাসন বিভাগের সাথে যোগাযোগ করা যেতে পারে।

ঙ. এই অফিস সার্কুলারের কোন শব্দ, ছত্র ও অনুচ্ছেদ পরিবর্তন, পরিবর্ধন, সংশোধন, সংযোজন ও বিয়োজনের ক্ষমতা অত্র সংস্থার ব্যবস্থাপনা কর্তৃপক্ষ সংরক্ষণ করবেন।

চ. কর্মীদের বার্ষিক ইনক্রিমেন্ট সংক্রান্ত আর্থিক সুবিধা প্রদানের ক্ষেত্রে বর্ণিত শর্তাবলীর কোনরূপ ব্যত্যয় বা অনিয়ম পরিলক্ষিত হলে এবং নিরীক্ষা, তদন্ত বা মনিটরিংকালে এরূপ কোন অনিয়ম বা অসংগতি উদঘাটিত হলে সংশ্লিষ্ট তত্ত্বাবধায়কদের বিরুদ্ধে প্রয়োজনীয় প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে এবং নিয়ম ভেঙ্গে প্রদানকৃত সমূদয় অর্থ দায়ী তত্ত্বাবধায়কদের নিকট থেকে আদায় করা হবে।

কর্মীদের জীবনযাত্রার ব্যয় নির্বাহের ক্ষেত্রে এ বেতন বৃদ্ধি সহায়ক হবে বিধায় তারা স্বীয় দায়িত্ব প্রতিপালনের প্রতি আরো বেশী অনুপ্রাণিত হবে, যা সংস্থার অভীষ্ঠ লক্ষ্য অর্জনে সহায়ক ভূমিকা রাখবে বলে কর্তৃপক্ষ আশা করে।

(মোঃ সালেহ বিন সামস)
নির্বাহী পরিচালক (চলতি দায়িত্ব)
এবং পরিচালক (মাইক্রোফিন্যান্স)

অনুলিপি (ই-মেইলে প্রেরিত হলো)

১. প্রধান কার্যালয় ও মাঠ পর্যায়ের সংশ্লিষ্ট সকল বিভাগ / ব্যবস্থাপনা ইউনিট (কার্যার্থে)।
২. ইনচার্জ, আইসিটি বিভাগ, প্রধান কার্যালয় **(অফিস সার্কুলারটি সংস্থার ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য)**।
৩. অফিস কপি।

অনুলিপি (সদয় অবগতির জন্য)

১. প্রেসিডেন্ট মহোদয়, পদক্ষেপ মানবিক উন্নয়ন কেন্দ্র।